

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ৯৬৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮২. তাশাহুদ পাঠ

باب التَّشَهُّدِ

আরবী

حَدَّثَنَا تَمِيمُ بْنُ الْمُنتَصِرِ، أَخْبَرَنَا إِسْحَاقُ، - يَعْنِي ابْنَ يَوْسُفَ - عَنْ شَرِيكِ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ أَبِي الْأَحْوَصِ، عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ كُنَّا لَا نَدْرِي مَا نَقُولُ إِذَا جَلَسْنَا فِي الصَّلَاةِ وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ عَلِمَ فَذَكَرَ نَحْوَهُ

صحیح

قَالَ شَرِيكٌ وَحَدَّثَنَا جَامِعٌ، - يَعْنِي ابْنَ شَدَّادٍ - عَنْ أَبِي وَائِلٍ، عَنْ عَبْدِ اللَّهِ، بِمِثْلِهِ قَالَ وَكَانَ يُعَلِّمُنَا كَلِمَاتٍ وَلَمْ يَكُنْ يُعَلِّمُنَاهُنَّ كَمَا يُعَلِّمُنَا التَّشَهُّدَ "اللَّهُمَّ أَلْفَ بَيْنَ قُلُوبِنَا وَأَصْلَحْ ذَاتَ بَيْنِنَا وَاهْدِنَا سُبُلَ السَّلَامِ وَنَجِّنَا مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ وَجَنِّبْنَا الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ وَبَارِكْ لَنَا فِي أَسْمَاعِنَا وَأَبْصَارِنَا وَقُلُوبِنَا وَأَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا وَتُبْ عَلَيْنَا إِنَّكَ أَنْتَ التَّوَّابُ الرَّحِيمُ وَاجْعَلْنَا شَاكِرِينَ لِنِعْمَتِكَ مُتْنِينَ بِهَا قَابِلِيهَا وَأَتِمَّهَا عَلَيْنَا " .

- ضعيف

বাংলা

৯৬৯। 'আবদুল্লাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, সালাতে তাশাহুদের বৈঠকে আমরা কি পাঠ করবো প্রথমে তা জানতাম না। এ সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানতেন। এরপর তিনি পূর্বানুরূপ হাদীস বর্ণনা করেন।

সহীহ।

শারীক (রহঃ) জামি' ইবনু শাদ্দাদের মাধ্যমে এবং আবু ওয়াইল ও 'আবদুল্লাহ ইবনু মাস'উদ (রাঃ) হতেও অনুরূপ হাদীস বর্ণিত আছে। তিনি বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে কিছু কথা শিখিয়ে দিলেন, তবে তাশাহুদ শিক্ষার মত করে নয়। তা হলোঃ "আল্লাহুমা বাইনা কুলূবিনা ওয়া আসলিহ্ যাতা বাইনিনা ওয়াহদিনা সুবুলাস্-সালামী ওয়া নাজ্জিনা মিনায্ যলুমাতি ইলাম্মুর। ওয়া জাননিবনাল ফাওয়াহিশা মা যাহারা মিনহা মা বাতানা ওয়া বারিক লানা ফী আসমাইনা ওয়া আবসারিনা ও ক্বালূবিনা ওয়া আযওয়াজিনা ওয়া যুররিয়াতিনা ওয়া তুব 'আলাইনা ইল্লাকা আন্তাত্ তাওয়াবুর রহীম। ওয়াজ্'আলনা শাকিরীনা লিনি'মাতিকা মুসনীনা বিহা ক্বাবিলীহা ওয়া আতিম্মাহা 'আলাইনা"।[1]

দুর্বল।

English

Narrated Abdullah ibn Mas'ud:

We did not know what we should say when we sat during prayer. The Messenger of Allah (ﷺ) was taught (by Allah). He then narrated the tradition to the same effect. Sharik reported from Jami', from AbuWa'il on the authority of Abdullah ibn Mas'ud something similar.

He said: He used to teach us also some other words, but he did not teach them as he taught us the tashahhud: O Allah, join our hearts, mend our social relationship, guide us to the path of peace, bring us from darkness to light, save us from obscenities, outward or inward, and bless our ears, our eyes, our hearts, our wives, our children, and relent toward us; Thou art the Relenting, the Merciful. And make us grateful for Thy blessing and make us praise it while accepting it and give it to us in full.

ফুটনোট

[1] ইবনু হিব্বান (অধ্যায় : মাওয়ারিদ, হাঃ ২৪২৯, এবং ইহসান, হাঃ ৯৯২), হাকিম (১/২৬৫) ইমাম হাকিম বলেন, এই হাদীসটি মুসলিমের শর্তে সহীহ, তবে এটি বুখারী ও মুসলিম বর্ণনা করেননি। যাহাবী তার সাথে একমত হয়েছেন। হায়সামী একে 'আল-মাজমা'উয যাওয়ায়িদে' উল্লেখ করে বলেনঃ হাদীসটি ত্বাবারানী 'কাবীর ও আওসাতে' বর্ণনা করেছেন। কাবীরে বর্ণিত সানাদটি ভাল।

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58287>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন